

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd


পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.০৬.০২২.১৭.৪৫৯

তারিখঃ ৫ ভাদ্র ১৪২৪
২০ আগস্ট ২০১৭

বিষয়ঃ- এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ৩০ জুলাই ২০১৭ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ প্রস্থ।


(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২) ও জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৯। উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপসচিব (মৎস্য-১) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিকল্প ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা)।
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল
কর্মপরিকল্পনা এবং চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

তারিখ ও সময়: ৩০ জুলাই ২০১৭ খ্রিঃ; বেলা ১২.০০ ঘটিকা।

স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক চতুর্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যগণের বিবরণ নিম্নরূপঃ

(১)	ড. মোঃ নজরুল আনোয়ার, অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(২)	জনাব অরুন কুমার মালাকার, অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৩)	জনাব দিলদার আহমদ, চেয়ারম্যান (অতিঃ সচিব), বিএফডিসি, কারওয়ান বাজার, ঢাকা।
(৪)	জনাব মোঃ কামরুজ্জামান, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৫)	সৈয়দ আরিফ আজাদ, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
(৬)	ডাঃ মোঃ আইনুল হক, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
(৭)	ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
(৮)	ড. তালুকদার নুরুন্নাহার, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
(৯)	জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব কাজী ওয়াছি উদ্দিন এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন।

(১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুমোদনঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো নির্ধারিত ছকে প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত কর্মপরিকল্পনা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ভূতাপেক্ষ অনুমোদন করা হলো।

(২) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন) সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত শুদ্ধাচার কৌশল-এর চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন) ভূতাপেক্ষ অনুমোদন করা হলো।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/৮/২০১৭
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব